

যায়যায়দিন

তারিখ ১৪ FEB 2007

পৃষ্ঠা ৩ কলাম ২

সিআই
০৬

বৃটিশদের চেয়ে ভালো চায়নিজ ও ইনডিয়ান শিক্ষার্থীরা

যায়যায় ডেস্ক

বৃটেনের শিক্ষা ব্যবস্থায় অন্যদের তুলনায় চায়নিজ বংশোদ্ভূত শিক্ষার্থীরা অনেক ভালো করছে। এমনকি ইনডিয়ান বংশোদ্ভূতরাও সাদা চামড়ার বৃটিশদের চেয়ে ভালো করছে। শুক্রবার প্রকাশিত এক সরকারি পরিসংখ্যানে এ তথ্য জানা যায়। এএফপি।

পরিসংখ্যানে দেখা যায়, গত বছর ১১ বছর বয়সী শিক্ষার্থীদের জাতীয় পরীক্ষায় শ্বেতাঙ্গ ইংলিশদের তুলনায় ইমিগ্রান্ট শিক্ষার্থীরা ভালো করেছে। শ্বেতাঙ্গদের মধ্যে উত্তীর্ণের হার যেখানে ৮০ শতাংশ সেখানে অশ্বেতাঙ্গ ইমিগ্রান্ট শিক্ষার্থীদের উত্তীর্ণের হার ৮৬ শতাংশ।

অন্যদিকে জিসিএসই (ইংল্যান্ড ও ওয়েলসে ১৬ বছর বয়সীদের হাই স্কুল পরীক্ষা) পরীক্ষায় চায়নিজ শিক্ষার্থীদের ৬৫.৮ ভাগ গণিত ও ইংরেজিসহ পাঁচটি

বিষয়ে টপ ফোর গ্রেড পেয়েছে। ইনডিয়ানদের ৫৯.১ শতাংশ পাঁচটি বিষয়ে উত্তীর্ণ হয়েছে। এ ক্ষেত্রে শ্বেতাঙ্গ বৃটিশ শিক্ষার্থীদের হার মাত্র ৪৪.৩।

ইন্ডিপেন্ডেন্টের মতে, চায়নিজ এবং ইনডিয়ান পরিবারগুলো শিক্ষার ওপর বেশি গুরুত্ব দেয়। তাই তাদের ছেলেমেয়েরা এমন ভালো ফলাফল করছে।

বুধবার প্রকাশিত ইউনিসেফের এক রিপোর্টে বলা হয়, ধনী দেশগুলোর মধ্যে বৃটেন হচ্ছে শিশুদের জন্য সবচেয়ে অনুপযোগী রাষ্ট্র। এ ক্ষেত্রে বৃটেনের দুর্বল পারিবারিক সম্পর্কে দায়ী করা হয়েছে। সরকারি পরিসংখ্যান অনুযায়ী জিসিএসই লেভেল পরীক্ষায় সবচেয়ে খারাপ করেছে আফকান ও ক্যারিবিয়ান শিক্ষার্থীরা। তাদের মধ্যে ২২.৭ শতাংশ পাঁচটি বিষয়ে টপ গ্রেড পেয়েছে।